

সচরাচর জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

১। **BJS** পরীক্ষার জন্য আবেদন কীভাবে করবো ?

উত্তর : বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের ওয়েবসাইট www.bjsc.gov.bd এর মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত BJS Form I পূরণের মাধ্যমে অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

২। কীভাবে **BJS** পরীক্ষার ফি জমা দিব ?

উত্তর : টেলিটক ফোন নম্বর ব্যবহার করে নির্ধারিত নিবন্ধন ফি জমা দিতে হবে। বিস্তারিত জানার জন্য বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশনের ওয়েবসাইট www.bjsc.gov.bd এ সংশ্লিষ্ট বিজেএস পরীক্ষার বিজ্ঞপ্তি দেখুন।

৩। কীভাবে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ?

উত্তর : আবেদনকারীর User ID ব্যবহার করে কমিশনের ওয়েব সাইট www.bjsc.gov.bd এর E-Application মেন্যুর 'বিজেএস' সাবমেন্যু থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

৪। প্রবেশপত্র হারিয়ে গেলে করণীয় কি ?

উত্তর : প্রবেশপত্র হারিয়ে গেলে User ID ব্যবহার করে কমিশনের ওয়েব সাইট www.bjsc.gov.bd এর E-Application মেন্যুর 'বিজেএস' সাবমেন্যু থেকে পুনরায় ডাউনলোড করে প্রিন্ট দেওয়া যাবে।

৫। **User ID** এবং **Password** হারিয়ে গেলে করণীয় কি ?

উত্তর : www.bjsc.gov.bd এর E-Application মেন্যুর 'বিজেএস' সাবমেন্যুতে এর Recover Password থেকে পাওয়া যাবে।

৬। এলএল.বি পাস কোর্স ডিগ্রিধারী ব্যক্তিগণ বিজেএস পরীক্ষায় আবেদন করতে পারবে কি ?

উত্তর : হ্যাঁ। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ৭(ক) দ্রষ্টব্য।

৭। বিদেশী বিশ্ববিদ্যালয় হতে এলএল.বি ডিগ্রিধারী ব্যক্তিগণ বিজেএস পরীক্ষায় আবেদন করতে পারবে কি ?

উত্তর : হ্যাঁ। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ৭(ক) দ্রষ্টব্য।

৮। বিজেএস পরীক্ষায় আবেদনের ক্ষেত্রে এলএল.এম ডিগ্রি বাধ্যতামূলক কি না ?

উত্তর : বিদেশি ০৩ বছর মেয়াদী এলএল.বি ডিগ্রিধারী প্রার্থীর ক্ষেত্রে যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে এলএল.এম ডিগ্রি বাধ্যতামূলক।

৯। বিজেএস পরীক্ষায় আবেদনের ক্ষেত্রে আইনজীবী হিসাবে তালিকাভুক্তি বাধ্যতামূলক কি না?

উত্তর : না।

১০। লিখিত পরীক্ষা কোন ভাষায় দেওয়া যাবে ?

উত্তর : কমিশন ভিন্নরূপ নির্দেশনা প্রদান না করলে একজন পরীক্ষার্থী লিখিত পরীক্ষার কোনো একটি বিষয়ে বাংলা বা ইংরেজি যে কোনো একটি ভাষা ব্যবহার করতে পারবেন, তবে একই বিষয়ে আংশিক বাংলা বা আংশিক ইংরেজি ভাষা ব্যবহার করতে পারবেন না। বাংলা ও ইংরেজি বিষয়ে সংশ্লিষ্ট ভাষায় পরীক্ষা দিতে হবে।

১১। এলএল.বি ফাইনাল পরীক্ষায় অবতীর্ণ (Appeared) পরীক্ষার্থীরা আবেদন করতে পারবে কি ?

উত্তর : হ্যাঁ। তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস এর ১ম অধ্যায়ের ২(ঘ) দ্রষ্টব্য।

১২। বিজেএস পরীক্ষায় কোনো কোটা প্রযোজ্য কি?

উত্তর : সরকার কর্তৃক সময় সময় নির্ধারিত কোটা প্রযোজ্য।

১৩। বে-সরকারি চাকরিজীবীদের আবেদনের ক্ষেত্রে কর্তৃপক্ষের পূর্বানুমতি আবশ্যিক কি ?

উত্তর : না। কেবল সরকারি অফিস বা স্থানীয় কর্তৃপক্ষ অর্থাৎ সংবিধিবদ্ধ সংস্থা, স্বায়ত্তশাসিত বা আধা-সরকারি সংস্থায় চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য।

১৪। BJSC Form II এর সাথে কোন কোন কাগজ জমা দেওয়া লাগবে ?

উত্তর : শিক্ষাগত যোগ্যতার সনদ, নাগরিকত্ব ও চারিত্রিক সনদসহ সকল কাগজপত্রের সত্যায়িত ফটোকপি A4 সাইজের অফসেট কাগজে জমা দিতে হবে। তথ্য, নির্দেশনা ও বিস্তারিত সিলেবাস এর ১ম অধ্যায়ের ৮(ঙ) দ্রষ্টব্য।

১৫। BJS পরীক্ষার উত্তরপত্র পুনঃমূল্যায়নের সুযোগ আছে কি ?

উত্তর : না।

১৬। প্রিলিমিনারী, লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে কবে ?

উত্তর : পরীক্ষার সময়সূচি সংশ্লিষ্ট পরীক্ষার পূর্বে যথাসময়ে কমিশনের ওয়েবসাইট বা ক্ষেত্রমতে জাতীয় পত্রিকায় প্রকাশিত হয়।

১৭। বিজেএস পরীক্ষায় আবেদনের ক্ষেত্রে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা কত বছর ?

উত্তর : ৩২ বছর। বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস গঠন বিধিমালা, ২০২৫ এর বিধি ৭(খ) দ্রষ্টব্য।